

কালের বর্ধ

আপডেট : ৪ অক্টোবর, ২০১৬ ২২:০৬

বিনামূল্যে প্রশিক্ষণ

বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব কনস্ট্রাকশন ইন্ডাস্ট্রির (বিএসআই) বেশ কয়েকটি প্রশিক্ষণ প্রতিষ্ঠান নির্মাণশিল্পে বিনামূল্যে প্রশিক্ষণ দেবে। বিনা খরচে পাঁচ বিষয়ে প্রশিক্ষণ দেবে এসওএস ভোকেশনাল ট্রেনিং সেন্টার, ঢাকা। জানাচ্ছেন ফরহাদ হোসেন



বিএসআইয়ের বিনা মূল্যে প্রশিক্ষণ

নির্মাণশিল্পের বিভিন্ন বিষয়ে বিনামূল্যে প্রশিক্ষণ দেবে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব কনস্ট্রাকশন ইন্ডাস্ট্রি (বিএসআই)। আর্থিক সহায়তা দেবে অর্থ মন্ত্রণালয়ের স্কিলস ফর অ্যামপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেপ) প্রকল্প। পাঁচ বিষয়ে হাতে-কলমে শেখানো হবে সব কাজ। ট্রেডগুলো হলো—ম্যাসনারি, প্লাস্টিং, ইলেকট্রিক্যাল, টাইলস অ্যান্ড মার্বেল ওয়ার্কস ও রড বাইন্ডিং অ্যান্ড ফেব্রিকেশন। প্রতিটি কোর্সের মেয়াদ ৩ মাস বা ৩০০ ঘণ্টা। ভর্তি ফরম পাওয়া যাবে প্রশিক্ষণ কেন্দ্রে।

আবেদনের জন্য প্রার্থীকে ন্যূনতম পঞ্চম শ্রেণি পাস হতে হবে। আগ্রহী পুরুষ বা মহিলারা অংশ নিতে পারবে, বয়স হতে হবে কমপক্ষে ১৫ বছর। উপজাতি, দরিদ্র জনগোষ্ঠী এবং এই শিল্পে কাজ করছে এমন অদক্ষ কর্মরত শ্রমিকরা অগ্রাধিকার পাবে। একজন প্রশিক্ষার্থী প্রতি মাসে তিন হাজার ১২০ টাকা হারে ভাতা পাবে। প্রশিক্ষণ শেষে মূল্যায়নের মাধ্যমে দেওয়া হবে সনদ। প্রকল্পের নিয়মানুযায়ী দক্ষ কর্মীদের কাজের সুযোগ করে দেওয়া হবে।

প্রশিক্ষণ নেবেন কোথায়

◆ মিরপুর অ্যাগ্রিকালচারাল ওয়ার্কশপ অ্যান্ড ট্রেনিং স্কুল (মটস)

১/সি-১/এ, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬।

ফোন : ৯০০২৫৪৪, ৯০০২৪৯৩

◆ মনটেজ ট্রেনিং অ্যান্ড সার্টিফিকেশন (বাংলাদেশ)

১৪২-১৪৩ মিরশপাড়া, বিসিক শিল্পনগরী, টঙ্গী, গাজীপুর।

মোবাইল : ০১৯১৪৮৬১০৪৬

◆ ইউসেপ

প্লট নম্বর ২-৩, মিরপুর-২, ঢাকা।

ফোন : ৯০৩১০১৪

◆ হ স্কিল ডেভেলপমেন্ট ইনস্টিটিউট

৬৯২/বি, বড় মগবাজার, ঢাকা।

ফোন : ০১৯১৪৯২৫২৬৯

◆ বাংলাদেশ টেকনিক্যাল ট্রেনিং অ্যান্ড ডেভেলপমেন্ট সেন্টার

নিল-৩, চৌহাটা, সিলেট।

মোবাইল : ০১৭১১৯৭৯২০৮

স্কিল ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের তিন কোর্স

নির্মাণ শিল্পে বিনা মূল্যে প্রশিক্ষণ দেবে স্কিল ডেভেলপমেন্ট ইনস্টিটিউট। ইনস্টিটিউটের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও প্রধান প্রশিক্ষক প্রকৌশলী আতাউর রহমান জানান, অর্থ মন্ত্রণালয়ের সেপ প্রকল্পের আওতায় এই প্রশিক্ষণ দেওয়া হবে। নির্মাণ খাতে ব্যবস্থাপনা পর্যায়ে দক্ষ জনবল গড়ে তুলতে এই প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। তিন বিষয়ে দেওয়া হবে প্রশিক্ষণ। বিষয়গুলো হলো—প্রজেক্ট প্রপোজাল প্রিপারেশন, সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট ও কোয়ালিটি কন্ট্রোল। সব কোর্সের মেয়াদ দুই মাস। প্রার্থীকে ডিগ্রি বা বিএসসি ইঞ্জিনিয়ারিং পাস হতে হবে। উপজাতি এবং এই শিল্পে কর্মরতদের অগ্রাধিকার দেওয়া হবে।

ডিসেম্বর-জানুয়ারি ব্যাচের জন্য আবেদন নেওয়া হচ্ছে। প্রশিক্ষণ কেন্দ্রে ভর্তি ফরম পাওয়া যাবে।

প্রশিক্ষণ চলাকালে দেওয়া হবে ভাতা। একজন প্রশিক্ষণার্থী প্রতি মাসে তিন হাজার ১২৯ টাকা হারে ভাতা পাবে। প্রশিক্ষণ শেষে মূল্যায়নের মাধ্যমে দেওয়া হবে সনদ। প্রকল্পের নিয়মানুযায়ী দক্ষ কর্মীদের কাজের সুযোগ করে দেওয়া হবে।

যোগাযোগ

স্কিল ডেভেলপমেন্ট ইনস্টিটিউট

৬৯২/বি, বড় মগবাজার, ঢাকা।

ফোন : ০১৯১৪৯২৫২৬৯।

পাঁচ বিষয়ে প্রশিক্ষণ দেবে এসওএস ভোকেশনাল ট্রেনিং সেন্টার

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত এসওএস ভোকেশনাল ট্রেনিং সেন্টার, ঢাকা বিনা খরচে পাঁচ বিষয়ে প্রশিক্ষণ দেবে। আবেদন করা যাবে ৩১ অক্টোবর পর্যন্ত। মেশিনিস্ট, ইলেকট্রিক্যাল, অটোমোটিভ, ইলেকট্রনিকস ও রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং—এই পাঁচ বিষয়ে দেওয়া হবে প্রশিক্ষণ। প্রতিটি কোর্সের মেয়াদ দুই বছর। প্রতি ট্রেডে নেওয়া হবে ২০ জন করে। কারিগরি শিক্ষা বোর্ডের নিয়ম অনুযায়ী প্রত্যেক প্রশিক্ষণার্থীকে ৪০ শতাংশ তাত্ত্বিক এবং ৬০ শতাংশ ব্যবহারিক ক্লাস করতে হবে। এর মধ্যে তিন মাস কাজ করতে হবে ইন্ডাস্ট্রিতে।

ঢাকার এসওএস ভোকেশনাল ট্রেনিং সেন্টারের প্রধান প্রশিক্ষক তাজুল ইসলাম জানান, জেএসসি বা জেডিসি পরীক্ষায় উত্তীর্ণ হলেই আবেদন করা যাবে। ১ জানুয়ারি ২০১৭ তারিখে বয়স হতে হবে ১৫ থেকে ১৯-এর মধ্যে। প্রার্থীর জীবনবৃত্তান্ত নিজ হাতে লিখে অথবা প্রতিষ্ঠানের নির্ধারিত ভর্তি ফরম পূরণ করে জমা দিতে হবে। আবেদনের সঙ্গে সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ এবং জন্ম সনদের ফটোকপি জমা দিতে হবে।

ঢাকার এসওএস ভোকেশনাল ট্রেনিং সেন্টারের অধ্যক্ষ মুনসুর হাসান খন্দকার জানান, ‘এসব কারিগরি প্রশিক্ষণ কোর্সের জন্য আমরা কোনো ফি নিই না। ভর্তির সময় আর্থিকভাবে অসচ্ছলদের বাছাই করে নিয়ে থাকি। প্রতিষ্ঠানের নিয়ম অনুসারে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে মাসে দুই হাজার টাকা করে ভাতা দিয়ে থাকি। কোর্স শেষে চাকরি পাওয়ার বিষয়েও সহায়তা করা হয়।’

যোগাযোগ

এসওএস ভোকেশনাল ট্রেনিং সেন্টার, ঢাকা

প্লট নম্বর-১, ব্লক-এ, মেইন রোড-১, সেকশন-১৩, মিরপুর, ঢাকা।

ফোন : ০২-৯০২৩৭১৭

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

উপদেষ্টা সম্পাদক : অমিত হাবিব,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স :

০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com